

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় : এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগে ০১ (এক)টি সহযোগী অধ্যাপকের স্থায়ী পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আশ্রান করা যাচ্ছে। বেতনের স্কেল : ৫০,০০০-৭১,২০০/= টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫)।

যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিষয়ে উচ্চতর যোগ্যতার অধিকারী হতে হবে। তাঁদের পি-এইচডি কিংবা সমমানের ডিগ্রী থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয় অথবা কোন উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে তাঁদের কমপক্ষে ০৭ (সাত) বৎসরের শিক্ষাদান ও গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের প্রকাশিত মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হবে। বিশেষ ক্ষেত্রে অভিজ্ঞতার সময়সীমার শর্ত শিথিল করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসীট/গ্রেডসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগার) কপি দরখাস্ত ২১-১১-২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ এর নিকট পৌছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।